

১৭শ পাঠ

সিফাতের আলোচনা

হরফের উচ্চারণ ভঙ্গিকে সিফাত বলে।

সিফাত ২ প্রকারঃ

১. صِفَتْ لَازِمَةٌ

২. صِفَتْ عَارِضَةٌ

১. صِفَتْ لَازِمَةٌ: সিফাতে لَازِمَةٌ ঐ সিফাতকে বলে যে হরফের জন্যে যে নির্দিষ্ট সিফাত রয়েছে, সেই সিফাত অনুযায়ী হরফটি আদায় না করলে হরফ হরফই বাকি থাকেনা বা হরফটি ত্রুটিপূর্ণ হয়ে যায়।

যেমন- ط - ت এর মধ্যে ১টি সিফাত রয়েছে পুর, যদি ط পুর না করা হয়, তাহলে ط হরফটি ت হয়ে যায়।

د এর মধ্যে একটি সিফাত রয়েছে, فَتْنَةٌ যদি কলকলা না করা হয়, তাহলে ত্রুটিপূর্ণ হয়ে যায়।

২. صِفَتْ عَارِضَةٌ: সিফাতে عَارِضَةٌ ঐ সিফাতকে বলে যে হরফের জন্যে যে নির্দিষ্ট সিফাত রয়েছে ঐ সিফাত অনুযায়ী আদায় না করলে, হরফটি বাকি থাকে, কিন্তু হরফের সৌন্দর্য নষ্ট হয়ে যায়। যেমন ن ও م হরফে তাশদিদ হলে গুন্নাহ করে পড়তে হয়। যদি গুন্নাহর সিফাত আদায় না করা হয় তবে নুন ঠিক থাকবে, কিন্তু শুধুমাত্র গুন্নাহর সৌন্দর্য নষ্ট হয়ে যাবে।

صِفَتْ لَازِمَةٌ এর প্রকারভেদ। صِفَتْ لَازِمَةٌ দুই প্রকারঃ



(۱) صِفَتْ لَازِمَةً مُتَضَادَّةٌ

(۲) صِفَتْ لَازِمَةً غَيْرُ مُتَضَادَّةٌ

(۱) صِفَتْ مُتَضَادَّةٌ বলা হয়, যার বিপরীতে অন্য একটি সিফাত থাকে।

صِفَتْ مُتَضَادَّةٌ মোট পাঁচ জোড়া ও একটি অতিরিক্ত সহ ১১টি।

প্রথম জোড়া

(১) هَمْسٌ

(২) جَهْرٌ

প্রথম জোড়ার আলোচ্য বিষয় শ্বাস জারি থাকা ও শ্বাস বন্ধ হওয়ার কারণে আওয়াজ বড় ও ছোট হওয়া।

১) هَمْسٌ সিফাতের হরফগুলি আদায় করার সময় তার মাথরাজে আস্তে ধাক্কা লাগার কারণে শ্বাস জারি থাকে এবং আওয়াজ ছোট হয়। ইহার হরফ ১০টি: فحثة شخص سكت

২) جَهْرٌ সিফাতের হরফগুলি আদায় করার সময় তার মাথরাজ জোরে ধাক্কা লাগার কারণে শ্বাস বন্ধ হয়ে যায় এবং আওয়াজ বড় হয়। هَمْسٌ এর ১০টি হরফ বাদে বাকি ১৯টি জাহারের হরফ।

২য় জোড়া

شِدَّتٌ - رَخَوْتُ - تَوَسَّطُ

২য় জোড়ার আলোচ্য বিষয় শ্বাস বন্ধ হওয়া, জারি থাকা ও মধ্যম পর্যায়ে হওয়ার কারণে আওয়াজ শক্ত ও নরম হওয়া।



১) سِدَّتْ সিফাতের হরফগুলি আদায় করার সময় তার মাখরাজে শক্তভাবে ধাক্কা লাগার কারণে আওয়াজ বন্ধ হয়ে যায়, এবং আওয়াজ শক্ত হয়। ইহার হরফ ৮টি ۞
اجدك قطبت ।

২) رَحُوْتُ সিফাতের হরফগুলি আদায় করার সময় তার মাখরাজ সহজে ধাক্কা লাগার কারণে আওয়াজ জারী থাকে এবং আওয়াজ নরম হয়। ইহার হরফ سِدَّتْ এবং تَوَسَّطُ এর ১৩টি বাদে বাকী ১৬টি।

৩) تَوَسَّطُ সিফাতের হরফগুলি আদায় করার সময় سِدَّتْ এর মত আওয়াজ বন্ধ হবেনা, আবার رَحُوْتُ এর মত আওয়াজ জারী ও থাকবেনা, বরং মধ্যম হবে, ইহার হরফ ৫টি ۞ لن عمر ।

৩য় জোড়া

১) اسْتِغْلَاءٌ

২) اسْتِيفَالٌ

৩য় জোড়ার আলোচ্য বিষয় পুর, বারিক।

ক) اسْتِغْلَاءٌ সিফাতের হরফগুলি আদায় করার সময় জিহবার গোড়া উপরের তালুর দিকে উঠার কারণে হরফগুলি মোটা হয়, ইহার হরফ ৭টি - خص ضغط قظ

খ) اسْتِيفَالٌ সিফাতের হরফগুলি আদায় করার সময় জিহবার গোড়া নীচের দিকে চেপে থাকার কারণে হরফগুলি বারীক হয়, ইহার হরফ اسْتِغْلَاءٌ এর ৭টি হরফ বাদে বাকী ২২টি।

৪র্থ জোড়া



(১) اَطْبَاقُ

(২) اِنْفَاتِحُ

চতুর্থ জোড়ার আলোচ্য বিষয় জিহবার মধ্যখান উপরের তালুর সঙ্গে লাগা বা না লাগা।

১) اَطْبَاقُ সিফাতের হরফগুলি আদায় করার সময় জিহবার মধ্যস্থান উপরে তালুর

সাথে লেগে যাবে, ইহার হরফ ৪টিঃ ص ض ط ظ ।

২) اِنْفَاتِحُ সিফাতের হরফগুলি আদায় করার সময় জিহবার মধ্যখান নীচের দিকে

চেপে রেখে মুখখুলে আদায় করতে হবে, ইহার হরফ اَطْبَاقُ এর ৪টি হরফ বাদে বাকী

২৫টি।

৫ম জোড়া

(১) اِذْلَاقُ

(২) اِصْمَاتُ

৫ম জোড়ার আলোচ্য বিষয় তাড়াতাড়ী আদায় করা বা ধীর স্থির ভাবে আদায় করা।

১) اِذْلَاقُ সিফাতের হরফগুলি আদায় করার সময় জিহবা এবং ঠোঁটের কিনারা দ্বারা

সহজে ও তাড়াতাড়ী আদায় হয়। ইহার হরফ ৬টিঃ ف ر م ن ل ب ।

২) اِصْمَاتُ সিফাতের হরফগুলি আদায় করার সময় নিজ মাখরাজ থেকে ধীর স্থির

এবং মজবুতির সাথে আদায় হয়, ইহার হরফ اِذْلَاقُ এর হরফ বাদে বাকী ২৩টি।



১৮শ পাঠ

সিফাতে غَيْرُ مُنْضَادَّةٍ এর বর্ণনা

صِفَتْ غَيْرُ مُنْضَادَّةٍ বলা হয় যার বিপরীতে অন্য কোন সিফাত থাকে না, ইহা মোট ৭টি।

(১) صَفِيرٌ এই সিফাতের হরফগুলি আদায় করার সময় চড়-ই পাখি বা বাঁশির আওয়াজের ন্যায় বেজে উঠে, ইহার হরফ ৩টি ڤ س ز ڤ

(২) قَلْبَةٌ ڤ এই সিফাতের হরফগুলি সাকিন অবস্থায় আদায় করার সময় তার মাখরাজে শক্ত ভাবে ধাক্কা লাগার কারণে যে অতিরিক্ত আওয়াজ হয় উহাকে قَلْبَةٌ বলে। ইহার হরফ ৫টি ڤ ط ب ج د

(৩) لَيْنٌ ڤ বা واو ڤ সাকিন হয়ে ডানে যবর হলে এ দুটিকে লীনের হরফ বলে, লীনের হরফ নরম ভাবে আদায় হয়, যেমন- خَوْفٌ - بَيْتٌ

(৪) اِنْحِرَافٌ ڤ এই সিফাতের হরফ দুটি ڤ - ر ইনহিরাফ এর অর্থ ঝুকে যাওয়া, অর্থাৎ ইনহিরাফ সিফাতের হরফ আদায় করার সময় ڤ হরফটি ر এর মাখরাজের দিকে এবং ر হরফটি ڤ এর মাখরাজের দিকে ঝুকে পড়ে, কাজেই অতিরিক্ত ঝুঁকলে ر হরফটি ڤ এবং ڤ হরফটি ر হয়ে যাবে, সুতরাং অতিরিক্ত ঝুঁকলে থেকে বেঁচে থাকতে হবে।

(৫) تَكَرَّرٌ ڤ এই সিফাতের হরফ ১টি ر এই ر হরফটি আদায় করার সময় জিহ্বার মাথা কেঁপে উঠে যার কারণে ১টি রা এর পরিবর্তে কয়েকটি রা হতে চায় এই জন্য অতিরিক্ত (কম্পন) থেকে বেঁচে থাকতে হবে।



(৬) تَقْتَبِي ۞ এই সিফাতের হরফ ১টি ش এই ش হরফটি আদায় করার সময় মুখের ভেতরে শা, শা শব্দ ছড়িয়ে পড়বে।

(৭) اسْتِطَالَتْ ۞ এর অর্থ লম্বা করা اسْتِطَالَتْ সিফাতের হরফ ১টি ض এই ض হরফটি আদায় করার সময় তার মাখরাজের শুরু থেকে শেষ পর্যন্ত আওয়াজ জারি রেখে আদায় করতে হয়।

ABC Learning